

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ৩১, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২৯ ফাল্গুন ১৪২৭/১৪ মার্চ ২০২১

নং ১২.০০.০০০০.০২৬.৪০.০৩৩.১৯.৯৭—সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ৭ ধারায়
অর্পিত ক্ষমতাবলে ১৩ নভেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় সার প্রমিতকরণ কমিটির সুপারিশের
পরিপ্রেক্ষিতে কৃম/উপ-২/সার-১/২০০৮/১৫৬ সংখ্যক প্রজ্ঞাপন; তারিখ : ০২-০৪-২০০৮ এবং
১২.০২৬.০৪০.০০.০০.০০৪.২০১০-৫০ সংখ্যক সংশোধিত প্রজ্ঞাপন তারিখ: ১৪-০৩-২০১২ এ
উল্লিখিত সারের উপাদান ও পরিমাণের বিনির্দেশ যথাযথ অনুসরণ করার শর্তে “Solargao
Vermicompost” নামীয় জৈব সারটির আবেদনকারী প্রতিষ্ঠান : Solargao Agro Engineers
Enterprise, Village: Nizpara (Banpara), Post Office: Bolorampur, Upazila:
Birganj, Dist. : Dinajpur এর অনুকূলে নিম্নবর্ণিত বিনির্দেশ ও শর্তাবলির আলোকে এতদ্বারা
সরকার কর্তৃক অনুমোদন প্রদান করা হলো:

১. বিনির্দেশ :

কৃম/উপ-২/সার-১/২০০৮/১৫৬ সংখ্যক প্রজ্ঞাপন তারিখ ০২-০৪-২০০৮ এবং
নং-১২.০২৬.০৪০.০০.০০.০০৪.২০১০-৫০ সংখ্যক সংশোধিত প্রজ্ঞাপন তারিখ
১৪-০৩-২০১২ মোতাবেক জারীকৃত বর্ণিত জৈব সারের সরকার অনুমোদিত বিনির্দেশ এর
সাথে ল্যাবরেটরি পরীক্ষার ফলাফল সজ্জতিপূর্ণ হওয়ায় সকল ফসল (উনুজ) উৎপাদনের
জন্য ব্যবহার করা যাবে।

(৭১৩৩)
মূল্য : টাকা ৪.০০

২. শর্তাবলি :

- (ক) সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ধারা ১৩(১) এবং সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন, ২০০৯ অনুযায়ী সারের বস্তার গায়ে লেবেল লাগাইতে হইবে।
- (খ) লেবেলে নিম্নবর্ণিত তথ্যাদি স্পষ্টাক্ষরে ও সহজে দৃশ্যমানভাবে বাংলা বা ইংরেজিতে লিখিতে হইবে, যথা:—
- (i) সারের নাম (ব্রান্ড নাম যদি থাকে উহাও উল্লেখ করিতে হইবে);
 - (ii) সারের বিদ্যমান আবশ্যিকীয় উদ্ভিদ পুষ্টি উপাদানের নাম এবং উহার শতকরা হার;
 - (iii) সারের নীট ওজন;
 - (iv) প্রস্তুতকারকের নাম, ঠিকানা, নিবন্ধন নম্বর ও যে দেশে প্রস্তুত সেই দেশের নাম;
 - (v) নিশ্চয়তা বিশ্লেষণ (Guaranteed Analysis);
 - (vi) উৎপাদনের তারিখ; এবং
 - (vii) সর্বোচ্চ খুচরা মূল্য (MRP)।
- (গ) খোলা অবস্থায় জৈবসার বাজারজাত করা যাইবে না;
- (ঘ) মোড়কজাত করিয়া বিক্রি করিতে হবে;
- (ঙ) মোড়কজাত (লেবেলসহ) এর নমুনা জাতীয় সার প্রমিতকরণ কমিটির আগামী সভায় উপস্থাপন করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আ. ফ. ম আলমগীর কবীর
সহকারী সচিব।